

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
সুশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টদের উপস্থিতিতে ৩১-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত অর্ধবার্ষিক ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।  
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সভার তারিখ : ৩১-০১-২০২৪  
সময় : বেলা ২.৩০ ঘটিকা।  
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে আজকের অর্ধবার্ষিক ফিডব্যাক সভাটি অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর তিনি ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ক অর্ধবার্ষিক ফিডব্যাক সভার দপ্তর/সংস্থার নিকট থেকে প্রাপ্ত প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদনের সংক্ষিপ্তসার উপস্থাপনের জন্য বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোঃ আবুসাদ্দ উপসচিবকে অনুরোধ জানান। মোঃ আবুসাদ্দ, উপসচিব উক্ত বিষয়ে সভায় উপস্থাপন করেন ও সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

০২. সভায় সভাপতি কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।

০৩. সভাপতি বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রত্যেকের নিজ নিজ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা রয়েছে। তিনি সভায় প্রতিটি সূচকের সফল বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের কার্যকর ভূমিকা রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সুশাসন প্রতিষ্ঠায় অন্তরায় দূরীকরণে গৃহীত পদক্ষেপসমূহ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এছাড়া সভায় অভিমত প্রকাশ করা হয় যে, পোর্টাল আপডেট রাখা, অভিযোগ নিষ্পত্তি জোরদারকরণ, গুড প্রাকটিস অনুশীলন, ভাল কাজের জন্য নিয়মিত প্রণোদনার ব্যবস্থা করা গেলে প্রত্যাশিত লক্ষ্যে পৌঁছা সম্ভব হবে।

০৪. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রত্যেক দপ্তর/সংস্থা তাদের নিজস্ব কর্মপরিকল্পনা বাস্তবায়নে আরও উদ্যোগী হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

৩৭

পূর্ব পৃষ্ঠার পর

৪.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের সূচক সফটওয়্যারে সময়মত দাখিল করতে হবে।

৪.৩ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সংশ্লিষ্টদের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।

৫. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/-

০৪/০২/২০২৪

সঞ্জয় কুমার বণিক  
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
নৌপরিবহন মন্ত্রণালয়।


নম্বর-১৮.০০.০০০০.০৪১.২৭.০০১.২১.১১

তারিখ: ০৫-০২-২০২৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) সদয় জ্ঞাতার্থে/কাযার্থে।

১. চেয়ারম্যান, চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
২. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৫. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হাংশহর, চট্টগ্রাম।
৬. পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।
৭. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ:  
সকল দপ্তর/  
সংস্থার জাতীয়  
শুদ্ধাচার সংক্রান্ত  
দায়িত্বপ্রাপ্ত  
ফোকাল পয়েন্ট  
কর্মকর্তাবৃন্দ

  
০৫.০২.২০২৪

(মোঃ আবুসাদ্দ)

উপসচিব

ফোন: ৫৫১০০৬৯৮

ds.gg@mos.gov.bd